


বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের কার্যালয়  
বানারীপাড়া, বরিশাল।

স্মারক নং-৪৭.৬২.০৬১০.০০০.০০.০০০.১৯.৩০১

তারিখঃ ১৪/০৬/২০২২ খ্রিঃ

সভার নোটিশ

উপর্যুক্ত বিষয়ের আলোকে পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সকল সদস্যদেরকে জানানো যাচ্ছে যে, আগামী ২০-০৬-২০২২ খ্রিঃ তারিখ সকাল ১০:০০ ঘটিকার সময় মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষে পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় আপনাকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।



(মোঃ হুমায়ুন কবির)

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার

ও

সদস্য সচিব

পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্ট্যান্ডিং কমিটি  
বানারীপাড়া, বরিশাল।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণঃ

০৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বানারীপাড়া, বরিশাল।
০৬. উপজেলা নির্বাহী অফিসার, বানারীপাড়া, বরিশাল।

বানারীপাড়া উপজেলার পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতি : সৈয়দা তাসলিমা হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বানারীপাড়া।

সভার তারিখ : ২০/০৬/২০২২ খ্রিঃ

সভার সময় : সকাল ১০:০০ ঘটিকা

সভার স্থান : উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকাঃ

ক্র:নং	নাম	পদবী	স্বাক্ষর
১.	সৈয়দা তাসলিমা হোসেন মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বানারীপাড়া।	সভাপতি	স্বাক্ষরিত
২.	চেয়ারম্যান, বিশারকান্দি ইউপি, বানারীপাড়া, বরিশাল।	সদস্য	স্বাক্ষরিত
৩.	চেয়ারম্যান, সৈয়দকাঠী ইউপি, বানারীপাড়া, বরিশাল।	সদস্য	স্বাক্ষরিত
৪.	চেয়ারম্যান, ইলুহার ইউপি, বানারীপাড়া, বরিশাল।	সদস্য	স্বাক্ষরিত
৫.	এ্যাডভোকেট মাহমুদ হোসেন, বানারীপাড়া, বরিশাল।	সদস্য	স্বাক্ষরিত
৬.	উপজেলা সমবায় অফিসার, বানারীপাড়া, বরিশাল।	সদস্য	স্বাক্ষরিত
৭.	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, বানারীপাড়া, বরিশাল।	সদস্য সচিব	স্বাক্ষরিত

আলোচ্য বিষয় :

১. গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২. পল্লী ভবনের সামনের গাছকাটা প্রসঙ্গে আলোচনা
৩. কোভিড-১৯ প্রণোদনা ঋণ প্রদান সংক্রান্ত আলোচনা।
৪. বিবিধ।


সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ শুরু করেন এবং সদস্য সচিব, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বানারীপাড়াকে আলোচ্যসূচী অনুযায়ী সভা পরিচালনা করার জন্য অনুরোধ জানান।

ক্রমিক নং	আলোচ্য বিষয়	বিস্তারিত আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১.	গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।	সভায় সদস্য-সচিব গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান।	রেজুলেশনে কোন সংশোধনী থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃষ্টীকরণ করা হয় এবং অনুমোদিত হয়।	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার।
০২.	পল্লী ভবনের সামনের গাছকাটা প্রসঙ্গে আলোচনা	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, পল্লী ভবনের সামনে প্রায় ১০০ এর মত ছোট বড় মেহগনি গাছ রয়েছে। ফলে ভবনের উপর কোন সূর্যের আলো পরেনা যাতে ভবনটি ঝুঁকিপূর্ণ হয়ে পরছে। এজন্য অফিসের সামনের গাছগুলো নিয়ম মেনে কেটে বিভিন্নরকম ফলের গাছ লাগানো একান্ত প্রয়োজন।	উপজেলা পরিষদের মাসিক সভায় বিষয়টি উপস্থাপন করে গাছ কাটার জন্য যাবতীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ও বন কর্মকর্তা।



ক্রমিক নং	আলোচ্য বিষয়	বিস্তারিত আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০৩.	কোভিড-১৯ প্রণোদনা ঋণ প্রদান সংক্রান্ত আলোচনা।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, গত এপ্রিল/২০২২ মাসে বিআরডিবি'র সদর দপ্তর থেকে বানারীপাড়া উপজেলায় ০৬ জন সদস্যের নামে ১০ লক্ষ টাকা কোভিড-১৯ প্রণোদনা ঋণ তহবিল বরাদ্দ দেয়া হয়েছে এবং এই ঋণ জুন/২০২২ মাসের মধ্যে বিতরণ করার নির্দেশনা রয়েছে। তাই উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের উপস্থিতিতে এই প্রণোদনা ঋণ নির্দিষ্ট সময়ের মধ্যে বিতরণ করা প্রয়োজন।	৩০ জুন/২০২২ মাসের মধ্যে প্রণোদনা ঋণ বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।




(সৈয়দা তাসলিমা হোসেন)

সভাপতি

পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্ট্যান্ডিং কমিটি  
বানারীপাড়া, বরিশাল।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :-

- ১। জেলা প্রশাসক, বরিশাল।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বানারীপাড়া, বরিশাল।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, বানারীপাড়া, বরিশাল।
- ৪। ইউডিএফ, বানারীপাড়া, বরিশাল।
- ৫। চেয়ারম্যান..... ইউপি (সকল)।



(মোঃ হুমায়ুন কবির)

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার

ও

সদস্য সচিব

পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্ট্যান্ডিং কমিটি  
বানারীপাড়া, বরিশাল।



